

৪৪তম বিসিএস লিখিত পরীক্ষা

বিষয়: বাংলা

বিষয় কোড: ০০২

(‘সাধারণ’ ও ‘সাধারণ ও কারিগরি/পেশাগত’ ক্যাডারের জন্য)

পূর্ণমান: ২০০

নির্ধারিত সময়: ৪ ঘণ্টা

[**দ্রষ্টব্য:** বাংলা ভাষায় উত্তর দিতে হবে। প্রত্যেক প্রশ্নের মান প্রশ্নের শেষ প্রান্তে দেখানো হয়েছে।]

০১। নিচের প্রশ্নগুলোর উত্তর লিখুন:-

৬×৫ = ৩০

ক) অর্থগতভাবে বাংলা ভাষার শব্দসমূহকে কয়ভাগে ভাগ করা যায়? উদাহরণসহ আলোচনা করুন।

খ) নিচের বানানগুলোর শুদ্ধরূপ লিখুন:

কথপোকথোন; জ্বাজ্জল্যমাণ; রেজিস্ট্রেশন; গর্ধব; ব্যাক্তিত্ব, নিশিথিনি।

গ) কোন কোন বৈশিষ্ট্যের উপর বাক্যের সার্থকতা নির্ভর করে তা ব্যাখ্যা করুন।

ঘ) নিচের বাগধারা ও প্রবাদ-প্রবচনগুলো ব্যবহার করে অর্থপূর্ণ বাক্য গঠন করুন:

কেউকেটা; ঘরের শত্রু বিভীষণ; গো-মূর্খ; গডডলিকা প্রবাহ; জলে কুমির ডাঙায় বাঘ; সাক্ষী গোপাল।

ঙ) শব্দগঠন কী? বাংলা ভাষায় শব্দগঠনের পাঁচটি প্রক্রিয়া উদাহরণসহ লিখুন।

০২। ভাব-সম্প্রসারণ করুন:-

২০

(ক) জন্ম হোক যথা তথা, কর্ম হোক ভালো।

অথবা,

(খ) এই হৃদয়ের চেয়ে বড় কোন মন্দির কাবা নাই।

০৩। সারমর্ম লিখুনঃ-

২০

ক) আঠারো বছর বয়সে আঘাত আসে

অবিশ্রান্ত; একে একে হয় জড়ো,

এ বয়স কালো লক্ষ দীর্ঘশ্বাসে

এ বয়স কাঁপে বেদনায় থরোথরো।

তবু আঠারোর শুনেছি জয়ধ্বনি,

এ বয়স বাঁচে দুর্যোগে আর ঝড়ে,

বিপদের মুখে এ বয়স অগ্রণী

এ বয়স তবু নতুন কিছু তো করে।

অথবা,

খ) নীরব ভাষায় বৃক্ষ আমাদের সার্থকতার গান গেয়ে শোনায়ে। অনুভূতির কান দিয়ে সে গান শুনতে হবে। তাহলে বুঝতে পারা যাবে জীবনের মানে বৃদ্ধি, ধর্মের মানেও তাই। প্রকৃতির যে ধর্ম, মানুষের সে ধর্ম: পার্থক্য কেবল তরুলতা ও জীবজন্তুর বৃদ্ধির উপর তাদের নিজেদের কোনো হাত নেই, মানুষের বৃদ্ধির উপরে তার নিজের হাত রয়েছে। আর এখানেই মানুষের মর্যাদা। মানুষের বৃদ্ধি কেবল দৈহিক নয়, আত্মিকও। মানুষকে আত্মা সৃষ্টি করতে হয়, তা তৈরি পাওয়া যায় না। সুখ-দুঃখ-বেদনা উপলব্ধির ফলে অন্তরের যে পরিপক্বতা, তাই তো আত্মা।

০৪। নিচের প্রশ্নগুলো সংক্ষিপ্ত উত্তর দিনঃ-

৩×১০ = ৩০

- (ক) চর্যাপদ কবে, কোথায় এবং কে আবিষ্কার করেন?
- (খ) মহাকাব্যের তিনটি প্রধান বৈশিষ্ট্য লিখুন।
- (গ) কবি বিহারীলাল চক্রবর্তীর বিশেষত্ব নিরূপণ করুন।
- (ঘ) 'মেঘনাদবধ' কাব্যের নায়ক কে এবং কেন?
- (ঙ) বাংলা গদ্যের বিকাশে ফোর্ট উইলিয়াম কলেজের গুরুত্ব কতখানি?
- (চ) কাজী নজরুল ইসলামের 'রিঙের বেদন', 'যুগবাণী' ও 'চক্রবাক' কী জাতীয় গ্রন্থ?
- (ছ) নাট্যকার মুনীর চৌধুরীর পরিচয় দিন।
- (জ) নারী জাগরণে বেগম রোকেয়ার অবদান আলোচনা করুন।
- (ঝ) উপন্যাসের নাম উল্লেখ করে সৈয়দ ওয়ালীউল্লাহর স্বাতন্ত্র্য নিরূপণ করুন।
- (ঞ) রবীন্দ্রনাথ ঠাকুরের ভ্রমণকাহিনিভিত্তিক তিনটি গ্রন্থের নাম লিখুন।

০৫। বাংলা অনুবাদ করুন:

১৫

The aim of education is to make a man fully fit for himself and the society. It means to develop the whole man, his body, mind and soul. It is education which aims at providing a child with opportunities so that it can bring to light its all latent qualities. An educated man should be gentle, polite, thoughtful, creative, kind, respectful, sympathetic and co-operative. So, all of us should try our best to be educated and to serve humanity and the state.

৬। করোনাকালে শিক্ষাব্যবস্থার ক্ষতি প্রসঙ্গে শিক্ষক-শিক্ষার্থীর মধ্যকার একটি কাল্পনিক সংলাপ রচনা করুন। ১৫

৭। (ক) বাংলাদেশের ছাত্ররাজনীতির গৌরবোজ্জ্বল ইতিহাস ব্যাখ্যা করে এর ইতিবাচকতা প্রসঙ্গে প্রবাসী বন্ধুকে একটি পত্র লিখুন। ১৫

অথবা,

(খ) সিলেটের বন্যাপরিষ্কৃতির অবনতির কারণে বন্যার্তদের সাহায্য প্রদান প্রসঙ্গে যথাযথ কর্তৃপক্ষের নিকট একটি

আবেদনপত্র লিখুন।

৮। মুক্তিযুদ্ধভিত্তিক যে-কোনো একটি গ্রন্থের সমালোচনা লিপিবদ্ধ করুন।

১৫

০৯। যেকোনো একটি বিষয়ে প্রবন্ধ লিখুন:

৪০

(ক) মুক্তিযুদ্ধ ও ঢাকা বিশ্ববিদ্যালয়

(খ) বাংলাদেশের কৃষির যান্ত্রিকীকরণ

(গ) দ্রব্যমূল্য বৃদ্ধি ও তার প্রতিকার

(ঘ) রাশিয়া-ইউক্রেন যুদ্ধ ও বিশ্বপরিস্থিতি

(ঙ) পদ্মা সেতু: বাঙালির গর্ব, বাঙালির অহংকার